

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

নথি নং- ৩(২)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০১/

তারিখ : ১৭.১০.২০০৪

বিষয় : ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসসমূহের কার্যক্রম বিশেষভাবে নিরীক্ষা করা প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অনুমোদিত পদ্ধতির বাইরে বে-আইনীভাবে কোনো কোনো ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস পণ্য বিক্রয় করে থাকে এরূপ অভিযোগ পাওয়া যাচ্ছে। রুটিনমাফিক এ প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম নিরীক্ষিত হলেও সম্ভাব্য অনিয়মসমূহ উদঘাটন করা অনেক সময়েই সম্ভব হয় না। ব্যক্তিখাতের এরূপ সকল প্রতিষ্ঠান (diplomatic bonded warehouse) এর কার্যক্রম বিশেষভাবে নিরীক্ষা করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ জানানো হলো। উক্ত নিরীক্ষায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিতভাবে যাচাই করে দেখা যেতে পারে, যথা :

- (ক) আমদানিকৃত পণ্যের আমদানি দলিলাদিতে ঘোষিত মূল্য/শুল্কায়ন মূল্য যথাযথ কীনা?
- (খ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের কোনো জাল (fake) পত্রের বিপরীতে পণ্য বিক্রয় (Ex-bond) করা হয়েছে কীনা?
- (গ) যে সকল Privileged persons customs passbook এর আওতায় পণ্য বিক্রয় (Ex-bond) দেখানো হয়েছে তা সে বিষয়ে valid ছিল কীনা? passbook এর মালিক সে সময়ে বাংলাদেশে কর্মরত ছিলেন কীনা?
- (ঘ) সকল ক্ষেত্রেই অনুমোদিত কোটা (entitlement) এর মধ্যে পণ্য বিক্রয় করা হয়েছে কীনা?
- (ঙ) অবিক্রিত পণ্যের physical balance book ও balance সামঞ্জস্যপূর্ণ কীনা?
- (চ) উপর্যুক্ত বিষয়সমূহ বিশেষভাবে যাচাই করাসহ নিয়মিত নিরীক্ষায় যে সকল বিষয় যাচাই করা হয় তাও যথাযথভাবে যাচাই করতে হব।

০২। ন্যূনতম সহকারী কমিশনারের নেতৃত্বে এবং অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনারের তত্ত্বাবধানে প্রতিটি প্রতিষ্ঠানের কার্যক্রম বিশেষভাবে নিরীক্ষা করতে হবে। নিরীক্ষার ভিত্তিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত রাখার জন্যও আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

আপনার অনুগত,

প্রাপক :

কমিশনার

কাস্টমস্ বন্ড কমিশনারেট

৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।

[মোঃ মাহবুবুজ্জামান]

দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড-)